

**ইত্তেফাক রিপোর্ট**  
ব্রিটিশ কাউন্সিলের আয়োজনে দুইদিনব্যাপী যুক্তরাজ্য শিক্ষা মেলা শুরু হয়েছে। গতকাল বৃহস্পতিবার ঢাকার প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে মেলার উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এ সময় তিনি শিক্ষার্থীদের ভালোভাবে তথ্য সংগ্রহ করে দেশের বাইরে পড়তে যাওয়ার আহ্বান জানান। তিনি বলেন, বিদেশের কুম-কলেজ সম্পর্কে যারা ভালোভাবে খোঁজ-খবর না নিয়ে

**যুক্তরাজ্য শিক্ষা মেলা শুরু**  
পড়তে যায় তারা ই ভোগান্তিতে পড়ে। তিনি যুক্তরাজ্যকে চিউর্ন ফি কমানোর অনুরোধ করেন। ব্রিটিশ কাউন্সিলের সহকারী পরিচালক টমাস জোহাটি বলেন, যেসব শিক্ষার্থী উচ্চ শিক্ষার্থে যুক্তরাজ্যে যেতে চান তাদের তথ্য সরবরাহ ও ভর্তির সুযোগ করে দিতেই

এ মেলার আয়োজন করা হয়েছে। তিনি জানান, মেলায় যুক্তরাজ্যের ৪০টি কলেজ ও বিশ্ববিদ্যালয় অংশ নিচ্ছে। আজ দুপুর ১২টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত মেলা চলবে।

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের ভেপটি হাইকমিশনার নিকলো বলেন, মেলায় দর্শনার্থীরা আন্ডারগ্র্যাডুয়েট এবং পোস্টগ্র্যাডুয়েট ডিগ্রি, বৃত্তি এবং যুক্তরাজ্যে থাকা ও পড়াশোনার খরচের বিষয়ে বিস্তারিত তথ্য জানতে পারবেন।